ওরে,   কে রে এমন জাগায় তোকে ?
ঘুম কেন নেই তোরই চোখে ?
চেয়ে আছিস আপন-মনে—   ওই-যে দূরে গগন-কোণে
রাত্রি মেলে রাঙা নয়ন    রুদ্রদেবের দীপ্তালোকে ॥
রক্তশতদলের সাজি
সাজিয়ে কেন রাখিস আজি ?
কোন্ সাহসে একেবারে   শিকল খুলে দিলি দ্বারে—
জোড়হাতে তুই ডাকিস কারে,   প্রলয় যে তোর ঘরে ঢোকে ॥

---

Parjaay: Puja, Taal: Kaharwa, Raag: Khambaj

Visit www.geetabitan.com for notation and other detail